

উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল এর আওতায় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ ফরহাদ হোসেন, ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।

স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের অফিস কক্ষ, গৌরনদী, বরিশাল।

তারিখ : ১০-১০-২০২১ খ্রি. সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর


ক্র:	নাম	পদবী	ঠিকানা	স্বাক্ষর
১.	জনাব মোঃ ফরহাদ হোসেন	সভাপতি	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।	স্বাক্ষরিত
২.	জনাব সৈকত গুহ পিকলু	সদস্য	চেয়ারম্যান, মহিলারা ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৩.	জনাব ফারুক হোসেন মোল্লা	সদস্য	চেয়ারম্যান, সরিকল ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৪.	জনাব গোলাম হাফিজ মুধা	সদস্য	চেয়ারম্যান, নলচিড়া ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৫.	জনাব খান মুহাম্মদ মনিরুজ্জামান	সদস্য সচিব	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত

গৌরনদী উপজেলা পরিষদের উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার সভাপতি মহোদয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব খান মুহাম্মদ মনিরুজ্জামান (সদস্য সচিব, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি)	কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রসঙ্গে	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অবহিত করেন যে, দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের অভাবে শিক্ষিত বেকার যুব ও যুব মহিলাগণ বিভিন্ন প্রকল্প গ্রহণ করে ক্ষতির সম্মুখীন হচ্ছে। এ ছাড়াও করোনার এই দুঃসময়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে অনেকেই ভিন্ন ব্যবসা খুঁজছে।। এমতাবস্থায়, শিক্ষিত বেকার যুব ও যুব মহিলাদের কারিগরি ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হলে তারা প্রযুক্তি নির্ভর আধুনিক প্রকল্প গ্রহণ করে সফল আত্মকর্মা হয়ে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি পাশাপাশি সরকারের এসডিজি বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। ফলশ্রুতিতে দেশে বেকারত্ব দূরীকরণ ও মাদক নিয়ন্ত্রণে উক্ত প্রশিক্ষণ অগ্রণী ভূমিকা পালনে সচেষ্ট হবে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এর মধ্যে “ বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ ” টি অর্জিত করা হলে প্রশিক্ষণটি বাস্তবায়ন করা সম্ভব।	“ বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ ” শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরী করে প্রকল্প বাছাই কমিটির সুপারিশক্রমে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৩। যুব দিবস এবং যুব ঋণ প্রসঙ্গে	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ১ নভেম্বর ২০২১ তারিখ জাতীয় যুব দিবস সফলভাবে উদযাপিত হয়। উক্ত অনুষ্ঠানে ৬জন যুব/ যুব নারীর মাঝে =৪,১০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়। প্রশিক্ষার্থীদের মাঝে গুরু মোটা ভাজকরণ বিষয়ে ৩০টি প্রশিক্ষণ সনদ বিতরণসহ “মুক্তিযুদ্ধ ও যুবশক্তি বিষয়” এর উপর অনুষ্ঠিত রচনা প্রতিযোগীদের মাঝে ১ম, ২য় ও ৩য়	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	অধিকারীদের মাঝে ক্রেস্ট বিতরণ, ৬০টি বৃক্ষ বিতরণ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে ইতিমধ্যে ৪টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।		

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২০/১০/২১
(মোঃ ফরহাদ হোসেন)


সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-

তারিখঃ ১০-১০-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মহিলাারা/ সরিকল / নলচিড়া, গৌরনদী, বরিশাল।
- ৫। অফিস কপি।


১০.১০.২০২১ খ্রি.
(খান মুহাম্মদ মনিরুজ্জামান)

সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি
ও
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
গৌরনদী, বরিশাল।